# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর ডিসেম্বর'২০২২ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২৮ ডিসেম্বর'২০২২ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত নভেম্বর'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় নভেম্বর'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে ১৫০টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। গবাদি পশুতে টিকা প্রদান-৮৩২টি, হাঁস-মুরগিকে টিকা প্রদা-৩১০০ টি। গবাদি পশুকে চিকিৎসা প্রদান-২১৪৪ টি, হাঁস-মুরগিকে চিকিৎসা প্রদান-১২০০০টি। উঠান বৈঠক আয়োজন-০২টি। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২২-২৩ অর্থ বছরে রবি প্রনোদনা- গম, ভূট্টা, সরিষা, সূর্যমূখী, বাদাম, পেয়াজ, মুগ ও মশুর ডাল অত্র উপজেলার ০৩(তিন) টি ইউনিয়নে ১৯৬০ জনকে বিতরণ করা হবে।<br>২০২২-২৩ অর্থ বছরে উফশী বোরো ধান প্রনোদনা- রাজিবপুর ইউনিয়নে ৮০০ জন, কোদালকাটি ইউনিয়নে- ৫৫০ জন ও মোহনগঞ্জ ইউনিয়নে ৬৫০ জন সর্বমোট ২০০০ জনকে বিতরণ করা হবে।<br>২০২২-২৩ অর্থ বছরে বোরো হাইব্রিড প্রনোদনা- রাজিবপুর-৫০০ জন, কোদালকাটি-৩০০ জন ও মোহনগঞ্জ ৪০০ জনকে বিতরণ করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>০২। সংশ্লিষ্ট কমিটি। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থবছরের মুজিব শতবর্ষের প্রকল্পের আওতায় আওতায় ২৪টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) গ্যালন ধারন ক্ষমতা ওভারহেড ট্যাংক বিশিষ্ট পানি সরবরাহ করার প্রকল্প চালু রয়েছে। স্থান নির্বাচন হলে ঠিকাদার দ্রুত কাজ শুরু করবেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খাবার বড়ি বিতরণ, আপন, কনডম ও ইনজেকশন কার্যক্রম চলমান। উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত স্যাটেলাইট ক্লিনিকের দরকার ১২টি। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চরনেওয়াজী বালিকা সরকারী প্রাথমিক বিদ্যালয় যে কোন সময় নদীগর্ভে বিলীন হতে পারে। বিদ্যালয়টি জরুরীভাবে অপসারণ/নিলাম করা প্রয়োজন। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক পল্লী উন্নয়ন অফিসের ছাদ সংলগ্ন দুটি মেহগনি গাছের মুল্য নির্ধারণ করা হয়েছে। এখন নিলাম ডাকের মাধ্যমে গাছ দুটি কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২২-২৩ অর্থ বছরের জন্য জনগণের মাঝে বিক্রয় করার জন্য রাজস্ব খাতের অর্থ ব্যয়ে ৫০০০টি ফলজ, বনজ ও ভেষজ চারা উত্তোলনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মাননীয় প্রধানমন্ত্রীর মহৎ উদ্যোগ হিসেবে ২০২৩ সালের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ধাপ হিসেবে এ পর্যন্ত এবতেদায়ী পর্যায়ের পুস্তকসমূহ গৃহীত হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সংস্কারের জন্য পুনরায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম, ফটোকপি ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসে ০১(এক) জন মালি'র দৈনিক মজুরী (৫০০×২৯ দিন) =১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা।<br>০৬। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপারের দৈনিক মজুরী (৫০০×২৯ দিন) =১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা।<br>০৭। ডিসেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>০৮। ২০২২-২৩ অর্থ বছরে ১৬ ডিসেম্বর মহান জাতীয় দিবস ২০২২ উদযাপনের বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নে ব্যয়=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। | ০১। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত ও রংকরণ কাজ (অংশ-১)-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত পূর্বক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত ও রংকরণ কাজ (অংশ-২)-২,০০,০০০/- দুইলক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত পূর্বক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রংকরন করা প্রয়োজন। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল-এর উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণখাত হতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ মোতাবেক নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত ও রংকরণ (অংশ-১)- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত ও রংকরণ (অংশ-২)- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>তিনি আরও জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (আসবাবপত্র সংগ্রহ) খাত হতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ মোতাবেক =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করে আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক অফিস সরঞ্জামাদি ক্রয় করা যেতে পারে।<br>তিনি আরও জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন) খাত হতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ মোতাবেক =৫,০০,০০০/- ( পাঁচ লক্ষ) টাকা ব্যয় করে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা যেতে পারে।<br>এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (আসবাবপত্র সংগ্রহ) খাত হতে কোটেশন আহবান পূর্বক আসবাবপত্র ক্রয় করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৫। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন) খাত হতে কোটেশন আহবান পূর্বক সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলোা না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বালিয়ামারী বাজার জিঞ্জিরাম নদীর ভাঙ্গনে ঝুকিপুর্ণ। যে কোন সময় নদীগর্ভে বিলীন হওয়ার সম্ভাবনা রয়েছে। জরুরী ভিত্তিতে জিও ব্যাগ স্থাপন করে নদী ভাঙ্গন রোধ করা প্রয়োজন। ৯নং ওয়ার্ডের করাতি পাড়া হতে নদীর ঘাট পর্যন্ত রাস্তা মাটি ভরাট করে পাকা করা প্রয়োজন। শিবেরডাঙ্গী বাজার থেকে পূর্ব দিকে শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন মর্মে জানান। রাজিবপুর ইউনিয়ন পরিষদের জানালা দরজা মেরামত ও টয়লেট বাথরুম মেরামত ও রং করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়ন পরিষদের নিজস্ব জায়গা বর্তমানে কৃষি ব্যাংক অবস্থিত। উক্ত জায়গার জমির পরিমাণ ১৬.৫ শতাংশ। চার পাশ থেকে বেদখলের পায়তারা করছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাই জরুরী ভিত্তিতে সীমানা নির্ধারণ করা প্রয়োজন। উক্ত জায়গার সীমানা নির্ধারণের জন্য সরকারী সার্ভেয়ার প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। রেড ক্রিসেন্ট এর মাধ্যমে রাজিবপুর সদর ইউনিয়ন পরিষদের সাধারণ মানুষের মাঝে বিভিন্ন ওয়ার্ডে রিং-স্লাব বিতরণ করা হয়েছে। | | |
| ১৮ (৪) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| | | তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ভাঙ্গা রাস্তা মেরামত করার জন্য টি.আর এবং কাবিখা, কাবিটার বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।<br>মোহনগঞ্জ ইউনিয়নে সারের ডিলার বাড়ানো দরকার।<br>বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পে থাকার ঘর তৈরী করা জরুরী প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস স্থাপন করা প্রয়োজন। রাজিবপুর উপজেলা নৌকা ঘাট হতে দক্ষিণ পশ্চিম দিকে চর নেওয়াজী আর.এফ.এল কোম্পানীর কাজ পর্যন্ত নদী শাসনের কাজের আওতায় আনা দরকার। নাওশালা আশ্রয়ণ প্রকল্পের কিছু ইট, রড ও টিন ২নং ওয়ার্ডের মেম্বারের আওতায় আছে। উক্ত পণ্যাদি নিলাম দেয়া প্রয়োজন। | | |
| ১৮ (৬) | **রাজিবপুর থানা** | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান যে, রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **ঢুষমারা থানা** | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **হিসাবরক্ষণ অফিস** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পরিসংখ্যান অফিসের ছাদ খুবই ঝুঁকিপুর্ণ। আমন ফসলের নমুনা কর্তন চলমান। শুমারী পরবর্তী জনতাত্ত্বিক রিপোর্ট এর জন্য SVRS চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |

চলমান পাতা-৬

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১২) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অত্রাফিসে কম্পিউটার অপারেটর না থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মহোদয়ের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে ৭০০ (সাতশত) অসহায় মহিলাদের বিনামূল্যে VWB এর অনলাইন আবেদন করা হয়। প্রায় ২০০ (দুইশত) মহিলাকে আইজিএ (বিউটি ফিকেশন ও ফ্যাশন ডিজাইন) এর অনলাইন আবেদন করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় উপস্থিত না থাকায় আইসিটি শাখা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | **বিজিবি** | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় জানান যে, সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক। | নিয়মিত টহলসহ সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | **উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ** | সাবেক কমান্ডার উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সভায় শুভেচ্ছামূলক বক্তব্য দেন। | | |
| ১৮(২০) | **মহিলা ভাইস চেয়ারম্যান** | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(২১) | **ভাইস চেয়ারম্যান** | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, বিধি মোতাবেক স্বচ্ছতা বজায় রেখে সকল দপ্তরের কাজ সম্পাদন করতে পরামর্শ প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

চলমান পাতা-৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২২-**৭৯১**

তারিখ ঃ ১৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

২৮/১২/২০২২

(অমিত চক্রবর্ত্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের ডিসেম্বর'২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে ডিসেম্বর'২০২২ খ্রিঃ এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

স্বাঃ
(অমিত চক্রবর্ত্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২২-৭৮১ তারিখ ঃ ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

২২/১২/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম